**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 10-01-2025** **Desk in Charge :**

**Time : 7.35 A.M.** **Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় শিয়ালদা আদালতে বিচার প্রক্রিয়া শেষ হয়েছে। # রায় দান ১৮ ই জানুয়ারী।

# নির্যাতিতার পরিবার ও জুনিয়ার চিকিৎসকরা ন্যায় বিচারের দাবীতে সরব।

২/ RG KAR কান্ডের আবহেই রাজ্য সরকার আগামী ২৪শে ফেব্রুয়ারী বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চিকিৎসকদের সঙ্গে বৈঠকে বসছে।

৩/ কেন্দ্রের বঞ্চনা সত্বেও রাজ্য সরকার গঙ্গাসাগর মেলা-র উন্নয়নে অনেক কাজ করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন।

# মেলা-র আনুষ্ঠানিক সূচনা হচ্ছে আজ।

৪/ বিজেপি, রাজ্য সরকারের আলিপুর চিড়িয়াখানার জমি বাণিজ্যিক স্বার্থে বিক্রির সিদ্ধান্তের বিরোধিতা করেছে।

৫/ বাংলা, বিজয় হাজারে ট্রফি একদিনের ক্রিকেট টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে।

************************************************************************

আরজি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ-খুনের ঘটনায় বিচারপ্রক্রিয়া শেষ হয়েছে শিয়ালদহ আদালতে। আগামী ১৮ই জানুয়ারি, শনিবার দুপুরে রায় ঘোষণা করা হবে বলে জানা গেছে। গত ১১ই নভেম্বর আরজি করের ঘটনায় বিচারপ্রক্রিয়া শুরু হয়েছিল। এই মামলায় আগেই চার্জশিট দিয়েছিল তদন্তকারী সংস্থা সিবিআই। সেখানে ধৃত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়-কেই একমাত্র অভিযুক্ত হিসাবে উল্লেখ করা হয়। আদালতে তার সর্বোচ্চ শাস্তির আবেদন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা জানিয়েছে বলে সূত্রের খবর। সূত্রের খবর অনুযায়ী, সিবিআইয়ের দাবির বিরোধিতা করে আদালতে ধৃত সিভিক ভলেন্টিয়ার-এর আইনজীবী, তাঁর মক্কেল এই ঘটনার সঙ্গে যুক্ত নন বলে জানান। সিবিআইয়ের দেওয়া তথ্যপ্রমাণও পর্যাপ্ত নয় বলেও দাবি করেন অভিযুক্তের আইনজীবী।

উল্লেখ্য, গত ৯ই অগস্ট আরজি কর হাসপাতালের এমার্জেন্সি বিভাগের সেমিনার হল থেকে কর্তব্যরত মহিলা চিকিৎসকের দেহ উদ্ধার হয়। তাঁকে ধর্ষণ এবং খুন করা হয়েছে বলে অভিযোগ। ধৃত সিভিক ভলেন্টিয়ারকে সিসি ক্যামেরার ফুটেজে সেমিনার হলে ঢুকতে এবং বেরোতে দেখা গিয়েছে। কলকাতা পুলিশ ঘটনার পরের দিন তাকে গ্রেফতার করে। পরে এর তদন্তভার যায় সিবিআইয়ের হাতে।

আরজিকর ধর্ষণ ও হত্যা মামলায় নিম্ন আদালতে যে রায়ই হোক না কেন, এই ঘটনায় যুক্ত সকলকে সামনে এনে উপযুক্ত শাস্তির দাবিতে তাদের লড়াই চলবে বলে নির্যাতিতা চিকিৎসকের বাবা মা জানিয়েছেন। গত রাতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তারা বলেন, সিবিআই এর তদন্তে সন্তুষ্ট হতে না পেরে তারা সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন। কলকাতা পুলিশের চার্জশিটকেই সিবিআই শিলমোহর দিয়েছে বলেও তাদের অভিযোগ।

(বাইট- অভয়ার মা )

আরজি কর-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মন্ডলের বিরুদ্ধে তথ্য প্রমাণ থাকা সত্ত্বেও সময়মত চার্জশিট দেওয়া হয়নি বলে অভিযোগ করেছেন নির্যাতিতার বাবা। আরজি করের ঘটনার প্রতিবাদে বিচার চেয়ে প্রথম দিন থেকে পথে নেমেছিলেন জুনিয়র ডাক্তারদের একাংশ। চিকিৎসা ব্যবস্থায় আমূল পরিবর্তনের দাবিও তোলেন তাঁরা। একাধিকবার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গেও তাঁদের বৈঠক

হয়। গতকাল আরজি করের ঘটনার পাঁচ মাস পূর্ণ হয়েছে। সেই উপলক্ষে পথে নামেন সিনিয়র ও জুনিয়র ডাক্তারেরা। কলেজ স্ট্রিট থেকে শ্যামবাজার পর্যন্ত মিছিল করা হয়। তারা সিবিআইয়ের তদন্তে তাঁরাও অনাস্থা প্রকাশ করেছেন। আন্দোলনকারী জুনিয়র ডাক্তার আশফাকুল্লা নাইয়া বলেন, ন্যায় বিচারের দাবিতে তাদের আন্দোলন চলবে।

( বাইট- জুনিয়ার ডক্টর)

***************************

RG KAR আবহের মধ্যেই রাজ্য সরকার আগামী মাসে চিকিৎসকদের সঙ্গে বৈঠকে বসতে চলেছে। ২৪ শে ফেব্রুয়ারি আলিপুরের ধনধান্য প্রেক্ষাগৃহে, 'চিকিৎসার অপর নাম সেবা' বলে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যের বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালে কর্মরত চিকিৎসকদের সঙ্গে কথা বলবেন। 'ওয়েস্ট বেঙ্গল স্টেট গ্রিভান্স রিড্রেসাল সেলে'র তরফে গতকাল এক সাংবাদিক বৈঠকে এ'কথা জানানো হয়েছে। সংগঠনের চেয়ারম্যান ডাঃ সৌরভ দত্ত সাংবাদিকদের বলেন, বৈঠকে সব মেডিক্যাল কলেজের অধ্যক্ষ, সুপার, শিক্ষক, জুনিয়র চিকিৎসক, পড়ুয়া ছাড়াও জেলা ও ব্লক হাসপাতালের চিকিৎসকদের আমন্ত্রণ জানানো হবে।

***************************

কলকাতা হাইকোর্ট, ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের রেসিডেন্ট চিকিৎসকের অস্বাভাবিক মৃত্যুর মামলায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব করেছে। মুখ বন্ধ খামে দু-সপ্তাহের মধ্যে এই রিপোর্ট জমা দিতে বলেছেন প্রধান বিচারপতি T S শিবজ্ঞানমের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ।

উল্লেখ্য, দীপ্র ভট্টাচার্য নামে ওই চিকিৎসককে গত সাতই অক্টোবর হাসপাতালের হস্টেল থেকে মৃত অবস্থায় পাওয়া যায়। হুমকি সংস্কৃতির জেরেই এই ঘটনা বলে পরিবারের দাবী।

***************************

নদীয়ার শান্তিপুর জেনারেল হাসপাতালে মহিলা চিকিৎসককে সুপারের হুমকির অভিযোগ নিয়ে তদন্তের আশ্বাস দিয়েছে জাতীয় মহিলা কমিশন।

কমিশনের সদস্য বিজেপি নেত্রী ডক্টর অর্চনা মজুমদার গতকাল হাসপাতালে গিয়ে সুপার ও জেলা স্বাস্থ্য আধিকারিকের সঙ্গে বৈঠক করেন। হাসপাতালের পরিকাঠামোগত উন্নয়ন, সঠিক রোস্টার তৈরী সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়। পরে অর্চনাদেবী সাংবাদিকদের বলেন, এব্যাপারে বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।

**************************

নারীর নিরাপত্তা নিশ্চিত করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে খোলা চিঠি দিয়েছে নাগরিক চেতনা মঞ্চ। কলকাতা প্রেস ক্লাবে গতকাল অভিনেত্রী তথা পরিচালক অপর্ণা সেন সেই চিঠি সকলের সামনে তুলে ধরেন। স্কুল থেকে কর্মক্ষেত্র- সর্বত্র মেয়েদের নিরাপত্তা সুনিশ্চিতকরণে কী কী ব্যবস্থা নেওয়া যেতে পারে, তার সুপারিশ রয়েছে চিঠিতে। অপর্ণা সেন বলেন, পশ্চিমবঙ্গ নারীদের জন্য নিরাপদ বলে দাবি করা হলেও ধারণা এবং বাস্তবের মধ্যে ফারাক রয়েছে।

( বাইট- অপর্ণা সেন )

**************************

পরিবেশের কথা মাথায় রেখে অচিরাচরিত শক্তি উৎপাদন এবং কার্বন নির্গমন কমানোর লক্ষ্যে রাজ্য সরকার যে নতুন নীতি প্রণয়ন করেছে, সে বিষয়ে আসন্ন বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে বিস্তারিত আলোচনা করা হতে পারে বলে জানা গিয়েছে। সম্মেলনে পরিবেশ বান্ধব হাইড্রোজেন ব্যবহার নীতি এবং নতুন ও পুনর্নবীকরনযোগ্য শক্তি উৎপাদন প্রসার নীতির সম্ভাবনার দিকগুলি তুলে ধরে বিনিয়োগকারীদের আকৃষ্ট করার চেষ্টা করা হবে বলে সূত্রের খবর।

**************************

কংগ্রেস জিএসটি বা পণ্য পরিষেবা কর সরলিকরণের দাবি জানিয়েছে। গতকাল কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয়ে এক সাংবাদিক বৈঠকে কংগ্রেস সাংসদ ও সর্বভারতীয় কংগ্রেস কমিটির সদস্য এম.এম পাল্লাম রাজু বলেন, জিএসটি ব্যবস্থা যেভাবে চাপানো হয়েছে তাতে গরিব সাধারণ মানুষের উপর প্রভাব পড়ছে। এই কর ব্যবস্থায় যুক্তরাষ্ট্রীয় কাঠামো বজায় থাকছে না বলেও তিনি দাবি করেন।

**************************

কেন্দ্রীয় সরকারের বঞ্চনা সত্ত্বেও রাজ্য সরকার গঙ্গাসাগর মেলার উন্নয়নে অনেক কাজ করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন।

কলকাতার আউট্রাম ঘাটে গতকাল চলতি বছরের গঙ্গাসাগর মেলার ট্রানজিট পয়েন্টের উদ্বোধন করে পুণ্যার্থীদের শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, উত্তরপ্রদেশের কুম্ভ মেলায় যেখানে কোটি কোটি টাকা খরচ করা হয় সেখানে বারবার আবেদন জানানো সত্ত্বেও কেন্দ্রীয় সরকার গঙ্গাসাগর মেলার জন্য কোন অর্থ বরাদ্দ করেনি। রাজ্য সরকার দেড় হাজার কোটি টাকা খরচ করে মুড়িগঙ্গা নদীর উপরে সেতু নির্মাণ করবে বলে মুখ্যমন্ত্রী জানান।

( বাইট- মুখ্যমন্ত্রী )

মুখ্যমন্ত্রী গতকাল আউট্রাম ঘাট থেকে পরিবেশবান্ধব ই-ভেসেল পরিষেবার সূচনা করেন। এজন্য রাজ্য সরকারের খরচ হয়েছে প্রায় ছয় কোটি টাকা।

***************************

গঙ্গাসাগর মেলা-র আনুষ্ঠানিক উদ্বোধন হবে, আজ। তবে সরকারিভাবে গতকালই শুরু হয়েছে সাগর মেলা। মকর সংক্রান্তির মহেন্দ্রক্ষণ আসার আগেই ভিড় এড়াতে সারা দেশের পুণ্যার্থীরা সাগরে পৌঁছোচ্ছেন। যাত্রীদের কথা মাথায় রেখে এবার ভেসেলের পাশাপাশি বার্জ চালানো শুরু করেছে জেলা প্রশাসন। ৯টি বড় বার্জ ইতিমধ্যে পৌঁছে গিয়েছে। বাবুঘাট থেকে কাকদ্বীপের মধ্যে চলাচল করবে ২০০ বেশী সরকারি বাস। থাকছে বেসরকারি বাস পরিষেবাও। গতকাল থেকে সাগরমেলা স্পেশাল ট্রেনও চলছে। ১২ তারিখ থেকে বাড়বে ট্রেনের সংখ্যা। সব মিলিয়ে এবার পরিবহনের ওপর বিশেষ জোর দেওয়া হয়েছে। প্রতিটি ভেসেলে GPS লাগানো থাকছে। কুয়াশার কারণে ভেসেল দিকভ্রষ্ট হলে সহজেই খোঁজ মিলবে। বাবুঘাট থেকে সাগরমেলার মাঠ পর্যন্ত ১৬টি বাফার জোন থাকছে।

***************************

বিজেপি রাজ্য সরকারের আলিপুর চিড়িয়াখানার জমি বাণিজ্যিক স্বার্থে বিক্রির সিদ্ধান্তের বিরোধিতা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে গতকাল রবীন্দ্রসদন

থেকে ন্যাশনাল লাইব্রেরী পর্যন্ত এই সিদ্ধান্তের প্রতিবাদের বিজেপি কর্মীরা মিছিল করে। মিছিল শেষে বিরোধী দলনেতা অভিযোগ করেন, রাজ্য সরকার আলিপুর সংশোধনাগারের জমি, ট্রাম ডিপোর জমি ইতিমধ্যেই বিক্রি করেছে। এরপর ঐতিহ্যমন্ডিত আলিপুর পশু হাসপাতালের আড়াইশো কাঠা জমি বিক্রির সিদ্ধান্ত নিয়েছে। বিজেপি আলিপুর চিড়িয়াখানার পশু হাসপাতালের এক ছটাক জমিও বিক্রি করতে দেবে না। এই সিদ্ধান্ত পরিবর্তন করা না হলে মকর সংক্রান্তি ও গঙ্গাসাগর মেলা শেষ হওয়ার পর বিজেপি লাগাতার আন্দোলন চালিয়ে যাবে বলে শ্রী অধিকারী জানিয়েছেন।

**************************

উত্তুরে হাওয়ায় ভর করে, রাজ্যের তাপমাত্রা আবারো নিম্নমুখী। আগামী কয়েকদিনে তাপমাত্রার পারদ আরো কিছুটা নামতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৩ দশমিক ২’ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা কিছুটা কম। সর্ব্বোচ্চ তাপমাত্রা ২২ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

**************************

বাংলা, বিজয় হাজারে ট্রফি একদিনের ক্রিকেট প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছে। ভদোদরার মোতি বাঘে গতকাল প্রি-কোয়ার্টার ফাইনাল ম্যাচে বাংলা ৭২ রানে হরিয়ানার কাছে পরাজিত হয়েছে।

টসে জিতে বাংলা হরিয়ানাকে প্রথমে ব্যাট করতে পাঠায়। হরিয়ানা প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ৯ উইকেটে ২৯৮ রান তোলে। বাংলার হয়ে মহম্মদ শামি তিনটি, মুকেশ কুমার দুটি উইকেট নেন। জবাবে ব্যাট করতে নেমে বাংলা ৪৩ ওভার ১ বলে ২২৬ রানে সবক’টি উইকেট হারায়।

********************************************************************